উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল

## উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জুলফিকার হায়দার কামাল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ ও সময় : ১২-০১-২০২৩ সকাল-১০.০০ টা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট -'' ক '' (হাজিরা রেজিস্টারে সংরক্ষিত) ।

সভার শুরুতে সভাপতি উপজেলা পরিষদের উপস্থিত সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইলকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা তা সভায় উপস্থাপনের জন্য সকলকে আহবান জানান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় ব্যয় সংক্রান্ত আলোচনা করা হয়।

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ :

০১। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ০২ জন ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ভাতা = ৯৪,০০০/-
০২। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ০২ জন ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২০২৩ মাসের ভ্রমণ ভাতা = ২২,০০০/-
০৩। উপজেলা পরিষদের মাস্টাররোল ০২ জন কর্মচারীর জানুয়ারি/২০২৩ মাসের দৈনিক মজুরী ভাতা = ৩৩,০০০/-
০৪। উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের সভার ও মাসিক আপ্যায়ন ব্যয় মাসিক ৩০,০০০/-টাকা হিসাবে = ৩০,০০০/-
০৫। উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় মাসিক ৫,০০০/- টাকা হিসাবে = ৫০০০/-
০৬। উপজেলা পরিষদের ১৭ টি স্ট্যান্ডিং কমিটির জানুয়ারি/২০২৩ মাসের সভায় আপ্যায়ন ব্যয় মাসিক ৮০০০/-টাকা হিসাবে = ৮,০০০/-
০৭। উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের ইন্টারনেট বিল মাসিক ৩,৫০০/- টাকা হিসাবে = ৩,৫০০/-

সিদ্ধান্ত -০১ : বিস্তারিত আলোচনা শেষে বকেয়া আনুষাঙ্গিক বিলসহ উপরিউক্ত ব্যয়সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভাউচার/মাষ্টাররোল ও বিলের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি- ০২ : বিভাগীয় আলোচনা :

| ক্র.নং. | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। হাসপাতালের কার্যক্রম গত ফেব্রুয়ারি/২০২২ মাসে ছিল ২৫৪ তম। বর্তমানে টাঙ্গাইলের মধ্যে সখিপুর ১ম অবস্থানে আছে এবং সারা বাংলাদেশে ৪৬ তম। সখিপুর ৩৭ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। প্রতি ৬ হাজার লোকের জন্য ১টি করে কমিউনিটি ক্লিনিক রয়েছে। পুরনো কমিউনিটি ক্লিনিকগুলো ০.৫শতাংশ এবং নতুন কমিউনিটি ক্লিনিকগুলো ০.৮ শতাংশ জমির উপর নির্মিত। পুরাতন ০৮ টি কমিউনিটি ক্লিনিকের পুনঃনির্মাণ কাজ শুরু হয়েছিল সেখানে ০৪ টি ক্লিনিকের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। বাকি ০৪ টি ক্লিনিকের কাজ চলমান রয়েছে। লাঙ্গুলিয়া, হতেয়া কেরানীপাড়া কমিউনিটি ক্লিনিক দুটি ব্যবহারের অনুপযোগী। লাঙ্গুলিয়া ক্লিনিকের পুনঃনির্মাণ কাজ আগামী মাসে শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। জনগণের দোরগড়ায় স্বাস্থ্যসেবা পৌছে দেওয়ার উদ্দেশ্যে স্বাস্থ্য কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকগুলোর | বিস্তারিত আলোচনান্তে, কমিউনিটি ক্লিনিকগুলোর সীমানা রক্ষার্থে বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য স্বাস্থ্যসেবা বিভাগের পাশাপাশি জনপ্রতিনিধিগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সীমানা চিহ্নিত করণের জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণের অনুরোধ জানান। এলাকার বিত্তশালী, জনপ্রতিনিধিদের সহযোগিতায় সুন্দরভাবে পরিচালনার করার জন্য এগিয়ে আসার অনুরোধ জানান। | | |
| ০২. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধানের বীজতলা লাগানো হয়েছে। সখিপুর ৩৫০ হেক্টর জমিতে সরিষার চাষ করা হয়েছে। সরিষার ফলন অনেক ভালো হয়েছে। কলার ফলনও অনেক ভালো হয়েছে। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩. | প্রাণিসম্পদ ও ভেটেরিনারী হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ ও ভেটেরিনারী হাসপাতালের বিভিন্ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ ও ভেটেরিনারী কর্মকর্তা |
| ০৪. | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে স্থানীয় সরকার, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৫. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সখিপুরে আগে খাস পুকুর ইজারা দেওয়ার সময় মৎস্যজীবী ছাড়া অন্য কেউ আবেদন করতে পারতো না কিন্তু বর্তমানে দরিদ্র, বেকার যুবক ও যুব মহিলাদের সমন্বয়ে ২০ জন করে গ্রুপ করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ তালিকা পাঠাবেন। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, ইউপি চেয়ারম্যান ( সকল) ওয়ার্ডভিত্তিক তালিকা প্রস্তুত করে উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | মৎস্য কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৬. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নতুন কারিকুলামে শিক্ষকদের ট্রেনিং কার্যক্রম চলমান রয়েছে। ৫১তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা চলমান রয়েছে। নতুন বছরে বই বিতরণসহ মাধ্যমিক শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | মাধ্যমিক শিক্ষা বিভাগ |
| ০৭. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ৩০ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ প্রাথমিক বৃত্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে। নতুন বছরে সারাদেশে প্রায় ৩৫ কোটি নতুন বই বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় সখিপুর উপজেলায়ও সুষ্ঠুভাবে নতুন বই | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রাথমিক শিক্ষা বিভাগ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ০৮. | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিসংখ্যান বিভাগ |
| ০৯. | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দ পাওয়া গেছে। নতুন উপকারভোগী নির্বাচনের জন্য প্রতিবন্ধীদের তালিকা এবং মৃত ভাতাভোগীর তালিকা প্রস্তুত করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) কে উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। এছাড়া গরীব অসহায় রোগীদের জন্য সমাজকল্যাণ বিভাগের রোগীকল্যাণ ট্রাস্টের মাধ্যমে চিকিৎসার ব্যবস্থা করা হয়। এক্ষেত্রে রোগীর প্রেসক্রিপশন এবং জাতীয় পরিচয়পত্রসহ উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, ইউপি চেয়ারম্যান (সকল) প্রতিবন্ধীদের তালিকা দ্রুত প্রস্তুত করে উপজেলা সমাজসেবা অফিসে প্রেরণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১০. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ক্যাটাগরিতে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | পল্লী উন্নয়ন বিভাগ |
| ১১. | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সমবায় বিভাগ |
| ১২. | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর/কাবিখার সাধারণ ১ম পর্যায়ের প্রকল্পের কাজ ৩০শে জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখের মধ্যে কাজ শেষ করে বিল দাখিল করার জন্য অনুরোধ জানান। ২য় পর্যায়ের বরাদ্দ চলে আসছে। আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখের মধ্যে কাজ শেষ করতে হবে। সেইক্ষেত্রে ইউনিয়ন চেয়ারম্যান (সকল) নতুন করে | বিস্তারিত আলোচনান্তে, ইউপি চেয়ারম্যান (সকল) নতুন প্রকল্প তালিকা প্রদান করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ও ইউপি চেয়ারম্যান (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প তালিকা প্রস্তত করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ১৩. | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা সভায় জানান যে, সকল ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রমে ৩৯৭টি উপকারভোগীর এন্ট্রি বাদ রয়েছে। এটি বাদ পড়েছে শুধুমাত্র ভিজিডির কারণে। আগামী ফেব্রুয়ারিতে ৩৯৭ টি এন্ট্রি দেওয়া যাবে। অভ্যন্তরীণ আমন ধান সংগ্রহ করা যায় নি। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ঠিকাদার চলতি বিল পাওয়ার জন্য আবেদন করেছেন। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আবার কাজ শুরু করবেন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৫. | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিভাগ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছর (৫ম পর্যায়ের) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় নির্মাণ কাজগুলি ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জে.এস.কন্স্ট্রাকশন কর্তক ক) প্রতিমাবংকী একতা উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের জন্য পৃথক ওয়াশব্লক নির্মাণ ও খ) দেওদিঘী বাজারে ওয়াশব্লক নির্মাণ। মেসার্স সখিপুর বিল্ডার্স কর্তৃক ক) কালিদাস বাজারে ওয়াশব্লক নির্মাণ ও খ) হতেয়া কেরানী পাড়া বাজারে ওয়াশব্লক নির্মাণ এবং মেসার্স সখিপুর বিল্ডার্স কর্তৃক ক) বেতুয়া বাজারে ওয়াশব্লক নির্মাণ ও খ) কচুয়া বাজারে ওয়াশব্লক নির্মাণ সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট বাজার কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, উক্ত নির্মাণ কাজগুলির দায়িত্ব প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোকে বিল প্রদানের লক্ষ্যে এমবি, বিল, সমাপ্তি প্রতিবেদনসহ সকল প্রকার পেপারস প্রস্তুত করে ইউজিডিপি'র প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটি প্রেরণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৭. | উপজেলা তথ্যসেবা বিভাগ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা তথ্যসেবা বিভাগ |
| ১৮. | চেয়ারম্যান, ০১ নং কাকড়াজান | চেয়ারম্যান, কাকড়াজান ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০১ নং কাকড়াজান |
| ১৯. | চেয়ারম্যান, ০২ নং বহেড়াতৈল | চেয়ারম্যান, বহেড়াতৈল ইউনিয়ন পরিষদ জানান,তাঁর ইউনিয়নের সচিব অসুস্থ থাকায় দাপ্তরিক কার্যক্রম ব্যাহত বন্ধ ছিল। পরবর্তীতে দাড়িয়াপুরের সচিবকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করায় এখন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০২ নং বহেড়াতৈল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | চেয়ারম্যান, ০৩ নং গজারিয়া | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০৩ নং গজারিয়া |
| ২১. | চেয়ারম্যান, ০৪ নং যাদবপুর | চেয়ারম্যান, যাদবপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০৪ নং যাদবপুর |
| ২২. | চেয়ারম্যান, ০৫ নং কালিয়া | চেয়ারম্যান, কালিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০৫ নং কালিয়া |
| ২৩. | চেয়ারম্যান, ০৬ নং হাতীবান্ধা | চেয়ারম্যান, হাতীবান্ধা ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০৬ নং হাতীবান্ধা |
| ২৪. | চেয়ারম্যান, ০৭ নং দাড়িয়াপুর | চেয়ারম্যান, দাড়িয়াপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০৭ নং দাড়িয়াপুর |
| ২৫. | চেয়ারম্যান, ০৮ নং বড়খাতা | চেয়ারম্যান, বড়খাতা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, চতলবাইদ বেগপাড়া হতে ইঞ্জিনিয়ার হাসিবুর রাহমানের বাড়ির রাস্তায় বনবিভাগ কাজ বন্ধ করে দিয়েছে। রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ। রাস্তাটির কাজ পুনরায় চালু করার জন্য অনুরোধ জানান। এছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ০৮ নং বড়খাতা |
| ২৬. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ২৭. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কাজের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার, সভায় উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধনে সখিপুর বর্তমানে ২১তম অবস্থানে রয়েছে। সামনে আরও ভালো অবস্থানে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন। এজন্য সকল ইউনিয়ন পরিষদ, উপজেলা স্বাস্থ্য বিভাগ, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ জন্ম-মৃত্যু নিবন্ধের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। প্রত্যেক বিভাগকে তাঁর স্ব স্ব অবস্থানে থেকে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।<br><br>ক) উপজেলা পরিষদের রজনীগন্ধা কোয়াটারের নীচতলার বিভিন্ন অংশ মেরামত করা প্রয়োজন। যা সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট বিভাগ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম আরও বেগবান করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের রজনীগন্ধা কোয়াটারের নীচতলার বিভিন্ন অংশ মেরামত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় পিআইসি'র মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৯. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সখিপুরের বাল্যবিবাহের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বাল্যবিবাহ প্রতিরোধে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ব্যবহৃত গাড়ীটি জরুরী প্রয়োজনে বিভিন্ন সময় মেরামত করা হয়েছে। মেরামত কাজের বিল বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) উত্তোলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বাল্যবিবাহ প্রতিরোধে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ব্যবহৃত গাড়ীর মেরামত বিল বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে উত্তোলন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ব্যবহৃত বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) বিস্তারি আলোচনান্তে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বাসভবন মেরামত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকায় কোটেশনের মাধ্যমে ব্যয় করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.০১.২৩

(জুলফিকার হায়দার কামাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩৮৫.০০০.০৭.০১৯.২০-৬৯ (৫০) তারিখ ঃ ১২/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৩৭ ( টাঙ্গাইল -৮, সখিপুর-বাসাইল নির্বাচনী এলাকা) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মনিটরিং ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

৫। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৬। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল।
৮। সিভিল সার্জন, টাঙ্গাইল।
৯। নির্বাহী প্রকৌশলী, (বিউবো), টাঙ্গাইল।
১০। মেয়র, সখিপুর পৌরসভা।
১১। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, সখিপুর, টাঙ্গাইল।
১২। উপজেলা ................................কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
১৩। চেয়ারম্যান, ...................... ..... ইউনিয়ন পরিষদ, (সকল), সখিপুর, টাঙ্গাইল।
১৪। অফিস কপি।

১২/০১/২০২৩

(ফারজানা আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল

CamScanner